



টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

৯ম, ১০ম ফ্লোর, আইইবি ভবন, রমনা, ঢাকা

বাণিজ্যিক স্থাপনায় আলোক বাতির জ্বালানি সাশ্রয়ী পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও পরিদর্শনের নির্দেশিকা
(Energy Management Guideline for lighting system for commercial building)

বিষয়	সূচি	উপায়	মানদণ্ড	পরিমাপ
প্রযুক্তির ব্যবহার	জ্বালানি দক্ষ প্রযুক্তি ব্যবহার	ইনক্যান্ডেসেন্ট বাতি এর পরিবর্তে লাইট ইমিটিং ডায়োড (LED) সহ অন্যান্য জ্বালানি দক্ষ বিকল্প প্রযুক্তির বাতি ব্যবহার। বাতির আলো কমে গেলে বাতি পরিবর্তন করে ফেলা।	১০০ লুমেন/ওয়াট বা এর চেয়ে বেশি লুমেন/ওয়াট এর বাতি ব্যবহার করা	জ্বালানি দক্ষতার লেবেল
	প্রাকৃতিক আলো ব্যবহার	জানালা, স্কাইলাইট এবং লাইট সেলফ প্রযুক্তি ব্যবহার করে প্রাকৃতিক আলো ব্যবহার বৃদ্ধি।		
	কৃত্রিম আলোর ব্যবহার নিয়ন্ত্রণ	লাইট সেন্সর এবং স্বয়ংক্রিয় পর্দা ব্যবস্থাপনার মাধ্যমে প্রাকৃতিক আলো প্রবাহের মাধ্যমে কৃত্রিম আলোর ব্যবহার নিয়ন্ত্রণ।		
	আলোর নিয়ন্ত্রিত ব্যবহার	মোশন সেন্সর, টাইমার এবং ডিমার ব্যবহার করে প্রয়োজনীয় আলোর পরিমাণ নিয়ন্ত্রণ। প্রাকৃতিক আলোর উপর ভিত্তি করে এ সকল যন্ত্রাদি পরিচালনা করা। সাত্ত্বিতিক আলোর ব্যবহার বন্ধ করা।	বিভিন্ন স্থানে আলোর পরিমাণ BNBC 2020 এর ন্যূনতম লক্ষ্যমাত্রা অনুসারে হতে হবে	লাস্ক্র মিটার
	লাইটিং ডিজাইন	প্রতিটি এলাকার জন্য নির্দিষ্ট ও প্রয়োজন অনুসারে লাইটিং ডিজাইন করা। জ্বালানির প্রতিফলন বৃদ্ধি করতে হালকা রং এর পেইন্ট ব্যবহার করা।		
পরিচালনা ব্যবস্থাপনা	লাইটিং এর এলাকা বিভক্তিকরণ	আলো ব্যবহারের প্যাটার্ন, ব্যবহারের সময় ও ব্যবহারকারীর উপর ভিত্তি করে এলাকা ও সময় বিভক্ত করা। এতে অপপ্রয়োজনীয় এলাকাতে জ্বালানি ব্যবহার থেকে বিরত রাখা যাবে।	উদাহরণ- শপিং মল এ বিকাল বা সন্ধ্যায় ফ্রেতা বেশি থাকায় আলোর প্রয়োজন বেশি। অন্য সময়গুলো প্রয়োজ্যতা অনুসারে আলো কমিয়ে রেখে বিদ্যুৎ সাশ্রয় করা যেতে পারে।	-
	টাস্ক লাইটিং ব্যবহার	কর্মস্থলে টাস্ক লাইটিং ব্যবহার করা। কর্মীদের প্রয়োজন অনুযায়ী লাইটিং এর ব্যবস্থা গ্রহণ।	অফিসের ডেস্ক এর নিকট দূরত্বে লাইট স্থাপন করা।	-
	জ্বালানি ব্যবস্থাপনার জন্য স্বয়ংক্রিয় ব্যবস্থা	লাইটিং সহ অন্যান্য জ্বালানি ব্যবহারকারী যন্ত্র এর জন্য মনিটরিং ও কন্ট্রোলিং এর জন্য Energy Management System স্থাপন	-	-
	কর্মী সচেতনতা এবং প্রশিক্ষণ	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণের গুরুত্ব সম্পর্কে কর্মীদের প্রশিক্ষিত করা এবং তাদেরকে জ্বালানি ব্যবহার কমানোর জন্য সচেতনতামূলক কার্যক্রম আয়োজন।	ত্রৈমাসিক	
	জ্বালানি নিরীক্ষা এবং বেঞ্চমার্কিং	নিজস্ব জ্বালানির খরচে কমানোর জন্য নিজ প্রতিষ্ঠানের বেঞ্জমার্ক নির্ধারণ করা। এজন্য জ্বালানি ব্যবস্থাপক হিসেবে কোনো কর্মকর্তাকে প্রশিক্ষিত করা অথবা নিয়োগ করা যিনি স্থাপনার জ্বালানি ব্যবস্থাকে নিয়মিত পর্যবেক্ষণ করবেন এবং বেঞ্জমার্ক অর্জনের জন্য সচেষ্ট হবেন।	এককালীন বা বছরে একবার	
	জ্বালানি পলিসি বাস্তবায়ন	স্থাপনার লাইটিং ব্যবস্থা নির্বিশেষে সকল জ্বালানি ব্যবস্থাপনা জ্বালানি দক্ষ ও সাশ্রয়ী করতে বিস্তিত্তি এর নিজস্ব জ্বালানি পলিসি প্রস্তুত করা এবং সে অনুযায়ী সকল বাসিন্দাদের অবগত করা।	-	

	চেক পয়েন্ট	পরিদর্শনের সময়	পরিদর্শনে লক্ষ্যণীয় বিষয়	পদ্ধতি
রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন	কোনো বাতি নষ্ট হয়েছে কিনা	মাসে ১ বার	বাতি স্বয়ংক্রিয়ভাবে জ্বলা নেভা বা সুইচ চালুর পর বাতি জ্বলছে কিনা/স্বাভাবিক কিনা	পরিদর্শন এবং প্রয়োজনে ব্যবস্থা গ্রহণ
	কোনো বাতির আলো কমে গিয়েছে কিনা	ছয় মাসে ১ বার	এলইডি বাতি সাধারণত নষ্ট না হলেও সময়ের সাথে সাথে আলো কমে যেতে থাকে। পুরোনো বাতির সাথে নতুন লাগানো বাতির তুলনা করে আলোর কতটুকু কমে গিয়েছে যা পর্যবেক্ষণ।	
	বাতিতে ময়লা হয়েছে কিনা	৬ মাসে ১ বার	পরিষ্কার কিনা/ অপারেশন স্বাভাবিক কিনা	
	ভবনের কোনো স্থানে ইনক্যান্ডেসেন্ট বাতি বা কম জ্বালানি দক্ষতার বাতি লাগানো আছে কিনা	এককালীন বা বছরে ১ বার	পরিদর্শিত স্থানে এলইডি বাতি ব্যতিরেকে অন্য কোনো বাতির প্রয়োজন রয়েছে কিনা।	
	সেন্সর যুক্ত বাতির কার্যক্রম সঠিক রয়েছে কিনা	বছরে ১ বার	সেন্সর নষ্ট হয়েছে কিনা/ কার্যক্রম সাভাবিক কিনা	
	অপ্রয়োজনে কোনো বাতি জ্বলে রয়েছে কিনা	মাসে ১ বার	মোশন সেন্সর বা অন্য কোনো সেন্সর এর প্রয়োজন রয়েছে কিনা	
	দিনের আলোয় আলোকিত স্থানে বাতি জ্বলছে কিনা	মাসে ১ বার		